তারিখ 01 FEB 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# চরফ্যাশনে এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান পণ্ড

**চরফ্যাশন (ভোলা) সংবাদদাতা**

চরফ্যাশনের দুলারহাট মাধ্যমিক বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে স্থানীয় চেয়ারম্যানকে দাওয়াত দিয়ে বসার জন্য চেয়ার বরাদ্দ না দেয়ায় উত্তেজিত লোকজন চেয়ার-টেবিল ভাঙচুর করেছে। প্রত্যক্ষদর্শী শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকরা জানান, গত শনিবার দুলারহাট মাধ্যমিক বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে স্থানীয় চেয়ারম্যানকে দাওয়াত দেয়া হলেও তার বসার জন্য চেয়ার বরাদ্দ রাখা হয়নি। অনুষ্ঠান শুরুর পর চেয়ারম্যান আসলে তাকে হাতা ছাড়া একটি চেয়ার টেনে দেয়া হয়। এতে অপমানিত হয়ে ক্ষোভ প্রকাশ করে চেয়ারম্যান অনুষ্ঠান মঞ্চ ত্যাগ করেন। চেয়ারম্যানকে পরিকল্পিতভাবে অপমান করা হয়েছে এমন অভিযোগ তুলে তার অনুগত লোকজন অনুষ্ঠান মঞ্চ ভাঙচুর করে। এ সময় অর্ধশতাধিক চেয়ার ভাঙচুর করা হয়। প্রধান শিক্ষক মো. হোসেন জানান, উদ্ভূত পরিস্থিতিতে বিদায় অনুষ্ঠান বাতিল করা হয়েছে। ইউপি চেয়ারম্যান মো. মোস্তাফিজুর রহমান জানান, অনুষ্ঠানে গিয়ে চেয়ার না পেয়ে আমি মর্মাহত হয়ে অনুষ্ঠানস্থল ত্যাগ করি। পরে উত্তেজিত লোকজন চেয়ার এবং অনুষ্ঠানমঞ্চ ভাঙচুর করেছে। অনুষ্ঠান মঞ্চ ভাঙচুর করা ঠিক হয়নি।